গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
যোগাযোগ ও স্থানীয় সরকার সেক্টর
শের-ই- বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

## নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শকের কার্যপরিধি (ToR):

## ক. প্রকল্পের বিবরণীঃ

| | | | |
|---|---|---|---|
| ১. | প্রকল্পের নাম | : | **বাংলাদেশ গ্রামীণ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প (১ম সংশোধিত)।** Bangladesh Rural Water Supply and Sanitation Project (BRWSSP) (1st Revised) |
| ২. | উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ | : | স্হানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্হানীয় সরকার বিভাগ। |
| ৩. | বাস্তবায়নকারী সংস্থা | : | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ৪. | প্রকল্পের অবস্থান | : | চট্রগ্রাম, কুমিল্লা, ঢাকা, ফরিদপুর, বাগেরহাট, বরিশাল, বগুড়া, বাক্ষ্মণবাড়ীয়া, চাঁদপুর, ফেনী, গোপালগঞ্জ, যশোর, হবিগঞ্জ, ঝিনাইদহ, খুলনা, কিশোরগঞ্জ, কুড়িগ্রাম, লক্ষীপুর, মাদারীপুর, মাগুড়া, মানিকগঞ্জ, মৌলভীবাজার, মুন্সিগঞ্জ, নড়ালই, নারায়ণগঞ্জ, নোয়াখালী, পিরোজপুর, রংপুর, সাতক্ষীরা, সুনামগঞ্জ, সিলেট ও টাংগাইল। |

**৫. প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল :**

(লক্ষ টাকায়)

| **অনুমোদনের পর্যায়** | **প্রাক্কলিত ব্যয়**<br>মোট:<br>জিওবি:<br>পিএ:<br>সুবিধাভোগী | **বাস্তবায়নকাল** | **ব্যয় হ্রাস/বৃদ্ধি (%)** | |
|---|---|---|---|---|
| | | | **মূল ডিপিপির তুলনায়** | **সর্বশেষ সংশোধিত ডিপিপি'র তুলনায়** |
| মূল অনুমোদিত | ৬৮১৯৪.৩০<br>১৪৩৯.০৬<br>৫৫৫০৩.৫৪<br>১১২৫১.৭০ | জুলাই ২০১২ হতে জুন, ২০১৬ | - | - |
| ১ম সংশোধন | ৩৮৪১২.১৯<br>১৩২৪.৪৭<br>৩২৯৬২.৮৩<br>৪১২৪.৯০ | জুলাই ২০১২ হতে ডিসেম্বর ২০১৭ | -২৯৭৮২.১১<br>(-৪৩.৬৭) | - |

৬. জুন, ২০১৬ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১৪৪৬০.৮১ লক্ষ টাকা (৩৭.৬৫%)।

৭. প্রকল্পের উদ্দেশ্যঃ

- আর্সেনিক ও লবনাক্ত এলাকা নির্বাচন করে পিপিপি 'র মাধ্যমে স্থানীয় সরকার , কমিউনিটি ও প্রাইবেট স্পন্সরদের সম্পৃক্ত করে পাইপের মাধ্যমে পানি সরবরাহের জন্য পাইপ স্থাপন;
- উচ্চ লবনাক্ত ও আর্সেনিক সমস্যাযুক্ত ইউনিয়ন ও গ্রাম নির্বাচন করে নন পাইপড ওয়াটার সাপ্লাই সিস্টেম নির্মাণ করা;
- নির্বাচিত ইউনিয়নের অতি দরিদ্র জনসাধারণের কম খরচে ল্যাট্রিন নির্মাণ;
- স্থানীয় প্রাইভেট সেক্টরের মাধ্যমে নির্বাচিত গ্রামে গুনগত স্যানিটেশন ব্যবস্থা পরিবর্তন সম্পর্কে সচেতনতা শক্তিশালীকরন;
- উপকারভোগীদের দক্ষতা বৃদ্ধিকরণ;

৮. প্রকল্পের প্রধান প্রধান অঙ্গসমূহঃ

- গ্রামীন পাইপ ওয়াটার সাপ্লাই স্কিম
- আর্সেনিক, আয়রণ ও লবনাক্ত এলাকায় পানির বিভিন্ন অপশন
- দুর্যোগকালীন সময় সংশ্লিষ্ট এলাকায় নিরাপদ পানির অপশন
- লো কস্ট ল্যাট্রিন

## খ. পরামর্শকের কার্যপরিধি (TOR) :

### ৯.০ পরামর্শকের দায়িত্বঃ

৯.১ প্রকল্পের বিবরণ (প্রকল্পের নাম , উদ্যোগী মন্ত্রণালয় , বাস্তবায়নকারী সংস্থা , বাস্তবায়নকাল, প্রাক্কলিত ব্যয় , বছরভিত্তিক ব্যয় প্রাক্কলন, প্রকল্পের উদ্দেশ্য, অনুমোদন/সংশোধন, অর্থায়ন, প্রকল্পের পটভূমি ইত্যাদি সংশ্লিষ্ট সকল তথ্য পর্যালোচনা);

৯.২ প্রকল্পের সার্বিক এবং বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির (বাস্তব ও আর্থিক) তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

৯.৩ প্রকল্পের উদ্দেশ্যের বিপরীতে অর্জিত অগ্রগতি বিশ্লেষণ ও পর্যালোচনা;

৯.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত /চলমান বিভিন্ন পণ্য , কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে বিদ্যমান আইন ও বিধিমালা (পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইড লাইনস্ ইত্যাদি ) প্রাতিপালন করা হয়েছে /হচ্ছে কি না তা পর্যবেক্ষণ ও পর্যালোচনা (এক্ষেত্রে দরপত্র প্রক্রিয়াকরণ ও মূল্যায়ন পর্যালোচনা করা বাঞ্চনীয় ; ডিপিপিতে বর্ণিত ক্রয় কার্যক্রমের প্যাকেজসমূহ ভাঙ্গা হয়েছে কিনা , ভাঙ্গা হলে তার কারণ যাচাই এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে হয়েছে কিনা তা পরীক্ষা করা প্রয়োজন);

৯.৫ প্রকল্পের আওতায় সংগৃহিত /সংগৃহিতব্য পণ্য , কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষাঙ্গিক বিষয়াদি নিয়ে পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

৯.৬ প্রকল্পের আওতায় সংগৃহিত /সংগ্রহের প্রক্রিয়াধীন পণ্য , কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত BoQ অনুযায়ী পরিমাণ সংগ্রহ এবং স্পেসিফিকেশন অনুযায়ী গুণগত মান নিশ্চিত করা হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ ও পর্যালোচনা (এক্ষেত্রে স্পেসিফিকেশন অনুযায়ী গুণগতমান নিশ্চিত করা হচ্ছে কিনা তা মাঠ পর্যায় হতে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে পরীক্ষার মাধ্যমে যাচাই করা বাঞ্চনীয়। এছাড়া মাঠ পর্যায় হতে সরেজমিন পরিদর্শন Individual Interview, KII (Key Informant Information) & FGD (Focus Group Discussion) এর মাধ্যমে তথ্য সংগ্রহ করতে হবে);

৯.৭ ডিপিপি-তে বছর ভিত্তিক কর্ম পরিকল্পনা ও অর্থ চাহিদার প্রাক্কলন যৌক্তিকতা এবং প্রকল্পের শুরু হতে কর্ম পরিকল্পনা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে/হচ্ছে কিনা তা পরীক্ষা করা; পরিকল্পনার সাথে ব্যত্যয় ঘটলে তা চিহ্নিত করে প্রতিকারে পরামর্শ এবং ভবিষ্যতের জন্য সুপারিশ প্রদান;

৯.৮ প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন ভূমি অধিগ্রহণ, ইউটিলিটি স্থানান্তর, অর্থায়নে বিলম্ব, প্রকল্প বাস্তবায়ন অর্থাৎ পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় দুর্বলতা, প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদি কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

৯.৯ প্রকল্পের সম্ভাব্য exit plan সম্পর্কে পর্যালোচনা ও মতামত প্রদান;

৯.১০ প্রকল্পের SWOT বিশ্লেষণ ; এক্ষেত্রে সার্বিকভাবে চিহ্নিত সবলতা অনুসরণ এবং ত্রুটি, দুর্বলতা বা অসঙ্গতি উত্তরণের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন

৯.১১ আর্থ-সামাজিক প্রেক্ষাপট বিবেচনায় প্রকল্পটি গ্রহণের যৌক্তিকতা যাচাই;

৯.১২ প্রকল্প সংশ্লিষ্ট প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে সার্বিক পর্যালোচনা;

৯.১৩ ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক নির্ধারিত প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

১০.০ **ফার্ম ও ফার্মের পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতাঃ**

| ক্র: নং | ফার্ম ও ফার্মের পরামর্শক | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১) | ফার্ম | - | • গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্ট্যাডি পরিচালনায় ন্যূনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা; |
| ২) | ক) টিম লিডার- | • সিভিল ইঞ্জিনিয়ারিং -এ স্নাতক ডিগ্রী<br>• সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স/উচ্চতর ডিগ্রী থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে। | • সিভিল ইঞ্জিনিয়ারিং কাজে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতাসহ ওয়াটার ও স্যানিটেশন/পাবলিক হেলথ সেক্টরে কাজের অভিজ্ঞতা ;<br>• পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর) -এর বিষয়ে কাজ করার অভিজ্ঞতা ;<br>• কম্পিউটারের কাজে দক্ষতা ।<br>• উপস্থাপনা দক্ষতা। |
| | খ) মিড-লেভেল ইঞ্জিঃ | • সিভিল ইঞ্জিনিয়ারিং -এ স্নাতক ডিগ্রী<br>• সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স/উচ্চতর ডিগ্রী থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে। | • সিভিল ইঞ্জিনিয়ারিং কাজে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ ওয়াটার ও স্যানিটেশন/পাবলিক হেলথ সেক্টরে কাজের অভিজ্ঞতা ; |
| | গ) ইঞ্জিনিয়ার/ আর্সেনিক/পাবলিক হেলথ বিশেষজ্ঞ | • সিভিল ইঞ্জিনিয়ারিং -এ স্নাতক ডিগ্রী<br>সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স/উচ্চতর ডিগ্রী থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে। | • সিভিল ইঞ্জিনিয়ারিং কাজে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ আর্সেনিক/পাবলিক হেলথ সেক্টরে কাজের অভিজ্ঞতা ; |
| | ঘ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ | অর্থনীতি/সমাজবিজ্ঞান/ পরিসংখ্যান বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি | • আর্থ-সামাজিক গবেষণা সংশ্লিষ্ট কাজে ক মপক্ষে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা;<br>• বিভিন্ন Statistical Software Package পরিচালনায় দক্ষতা; |

১২.০ নিম্নলিখিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে:

| ক্র নং | প্রতিবেদনের নাম | দাখিলের সময় | মন্তব্য |
|---|---|---|---|
| ১) | ইনসেপশন রিপোর্ট | চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে | |
| ২) | ১ম খসড়া প্রতিবেদন | চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে | |
| ৩) | ২য় খসড়া প্রতিবেদন | চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে | |
| ৪) | চূড়ান্ত প্রতিবেদন (বাংলায় ৪০ কপি ও ইংরেজীতে ২০ কপি) | চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে | |

১৩.০ ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: আইএমইডি-০৫ প্রতিবেদন);
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ইত্যাদি।